গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সেতু বিভাগ
আইসিটি সেল

তথ্য অধিকার (RTI) আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ বিষয়ক সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মো. মনজুর হোসেন<br>সচিব |
| সভার তারিখ | ২৪ ডিসেম্বর ২০২৩ খ্রি. |
| সভার সময় | বেলা ১২:০০ ঘটিকা |
| স্থান | সেতু ভবনের অডিটোরিয়াম |
| উপস্থিতি | পরিশিষ্ট ক |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন এবং তিনি বক্তব্যের শুরুতেই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন। তিনি পঁচাত্তরের ১৫ই আগস্ট কালরাতে ঘাতকের বুলেটে নির্মমভাবে নিহত বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিব, বঙ্গবন্ধু পরিবারের সদস্যসহ সকল শহিদ, জেলখানায় হত্যাকান্ডের শিকার ৪ নেতাসহ মহান মুক্তিযুদ্ধের ৩০ লাখ শহিদ ও নির্যাতিত ২ লাখ মা বোনের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। । তারপর তিনি যুগ্মসচিব (প্রশাসন), সেতু বিভাগকে তথ্য অধিকার (RTI) আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ বিষয়ক সভার কার্যক্রম শুরু করতে অনুরোধ জানান। অতঃপর যুগ্মসচিব (প্রশাসন) উপস্থিত সকলকে স্ব স্ব পরিচিতি তুলে ধরার জন্য অনুরোধ করেন। পরিচিতি পর্বের পর তিনি সভার প্রেক্ষাপট বর্ণনা করে বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ সুশাসন প্রতিষ্ঠার বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সাথে কাজ করছে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে সেতু বিভাগ তথ্য অধিকার (RTI) আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ বিষয়ক সভা আয়োজন করে থাকে।

সভাপতির অনুরোধক্রমে যুগ্মসচিব (প্রশাসন), সেতু বিভাগ তথ্য অধিকার (RTI) আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ বিষয়ক সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। এ পর্যায়ে সভাপতি সার্বিক বিষয়ে মতামত উপস্থাপন করার জন্য উপস্থিত সকলের প্রতি আহ্বান জানান।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), সেতু বিভাগ বলেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ সালে প্রণয়ন হয়। সেই অনুযায়ী, তথ্য অধিকার আইনে যে কোন নাগরিক তথ্য প্রাপ্তির জন্য আবেদন করতে পারে। আবেদনকারীর কাছে ৩০ কার্যদিবসের মধ্যে তথ্য প্রদানের বিধান রয়েছে। | তথ্য অধিকার আইন অনুযায়ী প্রাপ্ত আবেদনসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে নিষ্পত্তি করার অনুরোধ করা হলো। | যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) ও তথ্য প্রদানকারী কর্মকর্তা সেতু বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| ০২ | ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের ক্ষতিগ্রস্থ জনাব আবুল বাশার ভূঁইয়া জানান যে, সেপ্টেম্বর মাসে উদ্বোধনকৃত ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের বিমান বন্দর থেকে ফার্মগেট অংশ খুলে দেওয়ায় মাত্র ১০ মিনিটের মধ্যে বিমান বন্দর হতে তেজগাঁও ভ্রমণ করা সম্ভব হচ্ছে। এজন্য তিনি মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের ভূমি অধিগ্রহণের স্থানগুলো পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য অনুরোধ করেন। | নাখাল পাড়ার ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের ভূমি অধিগ্রহণের জমি পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী আবেদন করার জন্য অনুরোধ করা হলো। | প্রকল্পের ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গ |
| ০৩ | এডভোকেট রোকেয়া সুলতানা বলেন যে, ফ্ল্যাট পাওয়ার ক্ষেত্রে ব্যাংক লোনের ব্যবস্থা থাকলে আবেদনকারীগণের সুবিধা হবে। | ব্যাংক লোন প্রাপ্তির বিষয়ে অগ্রগতি জানার জন্য তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্যের জন্য আবেদন করতে অনুরোধ করা হলো। | যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) ও তথ্য প্রদানকারী কর্মকর্তা সেতু বিভাগ |

পরিশেষে আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলের সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



মো. মনজুর হোসেন
সচিব


স্মারক নম্বর: ৫০.০০.০০০০.০০০.৯৯.০০১.২৩.৪৯৩

তারিখ: ১৬ পৌষ ১৪৩০
৩১ ডিসেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক, পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
২) যুগ্মসচিব, প্রশাসন অনুবিভাগ , সেতু বিভাগ
৩) যুগ্মসচিব, উন্নয়ন অনুবিভাগ , সেতু বিভাগ
৪) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, সেতু বিভাগ
৫) উপ-সচিব, বাজেট অধিশাখা, সেতু বিভাগ
৬) উপসচিব, উন্নয়ন অধিশাখা, সেতু বিভাগ
৭) প্রকল্প পরিচালক, ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ প্রকল্প
৮) প্রকল্প পরিচালক, সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্প
৯) অতিরিক্ত পরিচালক, অতিরিক্ত পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
১০) একান্ত সচিব, সচিব এর দপ্তর, সেতু বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১১) সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা-১, সেতু বিভাগ
১২) প্রোগ্রামার, আইসিটি সেল, সেতু বিভাগ

১৩) প্রোগ্রামার , আইসিটি সেল, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
১৪) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, সেতু বিভাগ
১৫) জনাব.......................................................................



সালমা খাতুন
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)